Printed Pages—8

3 (Sem-6) BEN L 1

Bijni College Library
P.O. Bijni, Dist. Chirang
(B.T.A.D) Assam

# 2 0 1 5

## ELECTIVE BENGALI

Paper : 6·1

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

রবীন্দ্রনাথ–১ *অথবা* রবীন্দ্রনাথ–২ থেকে প্রশ্নের উত্তর লিখতে হবে।

## ( রবীন্দ্রনাথ-১ )

১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) কান্যকুব্জরাজের কন্যা কে?

(খ) রাজার ধ্বজায় পদ্মফুলের মাঝখানে কী আঁকা ছিল?

(গ) 'ভর্তৃহীনা জবালার ক্রোড়ে' কে জন্মগ্রহণ করেছিলেন?

(ঘ) "একাকী গায়কের নহে তো গান, মিলিতে হবে দুইজনে।" পংক্তিটি কোন্ কবিতার অন্তর্গত?

(১) শ্রেষ্ঠভিক্ষা

(২) পূজারিণী

(৩) গানভঙ্গ

(৪) অভিসার (শুদ্ধ উত্তরটি বেছে লেখো)

(ঙ) “অয়ি লাবণ্যপুঞ্জে,
এখনো আমার সময় হয়নি,
যেথায় চলেছ যাও তুমি ধনি... ।”

এখানে বক্তা কাকে ‘লাবণ্যপুঞ্জে’ বলে সম্বোধন করেছেন?

(চ) করভোদ্যানের মধ্যে অবস্থিত কার প্রাসাদের কথা কাঞ্চীরাজ সুবর্ণকে জানিয়েছিলেন?

(ছ) “আমার প্রাণের মানুষ আছে ——
তাই হেরি তায় সকল খানে।”

(১) প্রাণে
(২) গানে
(৩) মনে
(৪) বনে

(শুদ্ধ উত্তর বেছে শূন্যস্থান পূর্ণ করো)

(জ) ‘পূজারিণী’ কবিতার কথাবস্তু কোন্ বৌদ্ধ কাহিনি থেকে নেওয়া হয়েছে?

(ঝ) “আমাদের দেশে রাজা এক জায়গায় দেখা দেয় না বলেই তো সমস্ত রাজ্যটা একেবারে রাজায় ঠাসা হয়ে রয়েছে।” বক্তা কে?

(ঞ) “......... মুহূর্তের তরে
ফুটন্ত তরঙ্গ মাঝে মেলি আর্ত চোখে
—— বলি ফুকারিয়া মিলালো বালক
অনন্ত তিমিরতলে;

(শূন্যস্থান পূর্ণ করো)

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) প্রতাপ রায়ের রাজসভায় নবীন ও প্রবীণ গায়ক দুজনের নাম লেখো।

(খ) 'কে এসেছ তুমি ওগো দয়াময়'
শুধাইল নারী সন্ন্যাসী কয়—
'আজি রজনীতে হয়েছে সময়, ........'

এখানে নারী ও সন্ন্যাসীর পরিচয় ব্যক্ত করো।

(গ) 'রাজা' নাটকের 'অন্ধকার ঘর' শীর্ষক প্রথম দৃশ্যে সুরঙ্গমা ছাড়া আর কে কে ছিলেন?

(ঘ) "কাঞ্চীরাজের সঙ্গে সে-ই আসছে।" বক্তা কে? তিনি এখানে কার আসার কথা বলেছেন?

(ঙ) "হে দাদাঠাকুর
আমি তব হব সাথি।"

দাদাঠাকুর কে? তাঁর কাছে এই আবেদন কে করেছেন?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) " বেঁচেছি, বেঁচেছি সুরঙ্গমা! হার মেনে তবে বেঁচেছি।"

সুদর্শনা কীভাবে, কার কাছে হার মানলেন তা বুঝিয়ে লেখো।

(খ) 'রাজা' নাটকে সুবর্ণের ভূমিকা স্পষ্ট করো।

(গ) 'রাজা' নাটকে স্বয়ম্বর সভার বিবরণ দাও। যোদ্ধবেশে ঠাকুরদা সেখানে আসার পর কী হয়েছিল?

(ঘ) অনাথপিন্ডদের শূন্য ঝুলিটি কীভাবে, কোন্ শ্রেষ্ঠ দানে ভরে গিয়েছিল, লেখো।

(ঙ) 'পূজারিণী' কবিতায় শ্রীমতির করুণ পরিণতির কারণ বর্ণনা করো।

(চ) "শোধ্ দেবতার ঋণ; সত্য ভঙ্গ করে
এতগুলি প্রাণী তুই ডুবাবি সাগরে!"

এখানে যে সত্যভঙ্গের কথা বলা হয়েছে তা প্রসঙ্গ উল্লেখ করে বুঝিয়ে দাও।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দুটি) : ১০×২=২০

(ক) 'পূজারিণী' কবিতা-অবলম্বনে নাট্যগুণসমৃদ্ধ দৃশ্য রচনায় রবীন্দ্রনাথের কৃতিত্ব বিচার করো।

(খ) "মানব-মহত্ত্বের, মানবের চিরন্তন সত্য নিত্যধর্মের যে মহান রূপ আমাদের প্রাচীন ইতিহাসে থাকিয়া থাকিয়া আত্মপ্রকাশ করিয়াছে, তাহাই কবিচিত্তকে আকর্ষণ করিয়াছে।" তোমার পাঠ্য যে কোনো একটি কবিতা-অবলম্বনে সমালোচকের মন্তব্যটি বিশ্লেষণ করো।

(গ) 'গানভঙ্গ' কবিতার বিষয়বস্তু আলোচনা করে এর তাৎপর্য নির্ণয় করো।

(ঘ) 'অভিসার' কবিতার নামকরণের সার্থকতা বিচার করো।

৫। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দুটি) : ১০×২=২০

(ক) 'রাজা' অধ্যাত্মরসের নাটক কিনা তা বিশ্লেষণ করো।

(খ) "সুদর্শনার পাশাপাশি রাজার দাসী সুরঙ্গমার চিত্রটি কি আশ্চর্য! ঠিক একটি ভক্ত সাধকের চিত্র।" সমালোচকের মন্তব্য সম্পর্কে তোমার মতামত দাও।

(গ) নাটকের ঘটনাবলি বিশ্লেষণ করে কাঞ্চীরাজের বিদ্রোহের স্বরূপ ও পরিণতি সম্বন্ধে আলোচনা করো।

(ঘ) "'রাজা' নাটকে দুইটি পরিবেশ চোখে পড়ে, একটি হইল অন্ধকার ঘর, অপরটি বসন্ত-প্রকৃতি।" 'রাজা' নাটকের কাহিনিধারায় এই দুই পরিবেশের তাৎপর্য বিশ্লেষণ করো।

## ( রবীন্দ্রনাথ–২ )

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) দক্ষিণাচরণ স্ত্রীকে নিয়ে বায়ু পরিবর্তনের জন্য কোথায় গিয়েছিলেন ?

(খ) শরৎবাবুর ভাইয়ের নাম কী ?

(গ) 'ক্ষুধিত পাষাণ' গল্পের তুলার মাশুল সংগ্রহকারী কথক কত টাকা বেতন পেতেন ?

(ঘ) 'অতিথি' গল্পের সোনামণি কত বছর বয়সে বিধবা হয়েছিল ?

(ঙ) নবেন্দুশেখরের স্ত্রীর নাম কী ?

(চ) কেটি মিটারের আসল নাম কী ?

(ছ) অমিত কাকে 'ধূমকেতুমুখো' নাম দিয়েছিল ?

(জ) "দুইয়ের কানে যেটা এক, পাঁচের কানে সেটা ভগ্নাংশ।" বক্তা কে ?

(ঝ) কেটি মিটারের ভাইয়ের নাম কী ?

(ঞ) অবনীশ দত্ত কী কাজ করতেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "উনি মা-লক্ষ্মী, চিরকাল পরের সেবা করিয়া আসিয়াছেন, অন্যের সেবা সহিতে পারেন না।" বক্তা কে ? তিনি কাকে 'মা-লক্ষ্মী' বলেছেন ?

(খ) মতিলালবাবুর স্ত্রী ও কন্যার নাম কী ?

(গ) নবেন্দুশেখরের যে কোনো দুজন শালির নাম লেখো।

(ঘ) "বিয়ে করে দুঃখ দিতে চাই নে। বিয়ে সকলের জন্যে নয়।" বক্তা কে? তিনি কাকে এ কথাটি বলেছেন?

(ঙ) অমিতের দুই বোনের নাম লেখো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'আপদ' গল্পের কিরণময়ী চরিত্রটি আলোচনা করো।

(খ) 'প্রতিহিংসা' গল্পের অম্বিকাচরণ চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

(গ) 'ক্ষুধিত পাষাণ' গল্পে ভৌতিক ঘটনাবলির যে বর্ণনা রয়েছে তা সংক্ষেপে নিজের ভাষায় লেখো।

(ঘ) 'শেষের কবিতা' উপন্যাসে অবনীশ দত্ত চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

(ঙ) 'শেষের কবিতা' উপন্যাস-অবলম্বনে শিলং পাহাড়ের বর্ণনা দাও।

(চ) 'শেষের কবিতা' উপন্যাসে অমিত ও লাবণ্যের প্রথম সাক্ষাতের বর্ণনা দাও।

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

(ক) অতিপ্রাকৃত গল্প হিসেবে 'নিশীথে' গল্পের সার্থকতা বিচার করো।

(খ) 'অতিথি' গল্পটির নামকরণ যথার্থ হয়েছে কিনা, বিচার করো।

(গ) 'প্রতিহিংসা' গল্পের ইন্দ্রাণী চরিত্রটি আলোচনা করো।

(ঘ) 'রাজটিকা' গল্প-অবলম্বনে নবেন্দুশেখরের রাজভক্তির পরিচয় দাও।

(ঙ) ''লাবণ্যের অন্তর্মুখিতা বাইরে তাকে অনুচ্ছ্বসিত করেছে, কিন্তু ভিতরে দিয়েছে প্রখর বুদ্ধি।'' মন্তব্যটির আলোকে 'শেষের কবিতা' উপন্যাসের লাবণ্য চরিত্রটি আলোচনা করো।

(চ) 'শেষের কবিতা' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(ছ) 'শেষের কবিতা'য় ব্যবহৃত কবিতাগুলি উপন্যাসে কোন্ প্রয়োজন সিদ্ধ করেছে তা আলোচনা করো।

(জ) 'শেষের কবিতা' উপন্যাসের কেটি মিত্র চরিত্রটি আলোচনা করো।

☆ ☆ ☆